

# Virtual meeting between Prime Minister Shri Narendra Modi and President of USA His Excellency Mr. Joseph R. Biden

April 11, 2022

## প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি মিঃ জোসেফ আর বাইডেনের মধ্যে ভার্চুয়াল বৈঠক

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জোসেফ আর বাইডেন আজ এক ভার্চুয়াল বৈঠকে মিলিত হন। দুই রাষ্ট্রনেতার মধ্যে মতবিনিময়ের সময় প্রতিরক্ষামন্ত্রী শ্রী রাজনাথ সিং এবং বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর উপস্থিত ছিলেন। বর্তমানে ভারতের এই দুই মন্ত্রী ভারত - মার্কিন ২+২ মন্ত্রী পর্যায়ের বৈঠকের জন্য ওয়াশিংটন ডিসি-তে রয়েছেন। সেদেশের প্রতিরক্ষা সচিব লয়েড অস্টিন এবং বিদেশ সচিব অ্যান্টনি ব্লিনকেন এই মতবিনিময়ের সময় উপস্থিত ছিলেন।

কোভিড-১৯ মহামারী, বিশ্ব অর্থ ব্যবস্থার পুনরুদ্ধার, জলবায়ু পরিবর্তন মোকাবিলা, দক্ষিণ আফ্রিকায় সাম্প্রতিক ঘটনাবলী, ভারত - প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল এবং বর্তমান ইউক্রেন পরিস্থিতির মত একাধিক আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে ভারতের প্রধানমন্ত্রী ও মার্কিন রাষ্ট্রপতি নিজেদের দৃষ্টিভঙ্গী প্রকাশ করেন।

সাম্প্রতিক বছরগুলিতে দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কে যে লক্ষ্যণীয় অগ্রগতি হয়েছে, তা নিয়েও দুই নেতা আলোচনা করেন।

ভারতের প্রধানমন্ত্রী ও মার্কিন রাষ্ট্রপতি এবিষয়ে সহমত প্রকাশ করেন যে, ভারত - মার্কিন সর্বাঙ্গীন বিশ্ব কৌশলগত অংশীদারিত্বকে আরও নিবিড় করা গেলে তা দুই দেশের পারস্পরিক স্বার্থবাহী হবে। সেই সঙ্গে বিশ্ব শান্তি, সমৃদ্ধি ও স্থিতিশীলতার ক্ষেত্রেও বড় ভূমিকা পালন করবে।

নতুন দিল্লী

এপ্রিল 11, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.